গণতান্ত্রিক নির্বাচনে ভোট প্রদান সম্পর্কে ইসলাম কি বলে?

গণতান্ত্রিক নির্বাচনে ভোট প্রদান সম্পর্কে ইসলাম কি বলে?

মূল: আবু উসামা
সম্পাদনা: ইসলামবেইস পাবলিকেশন

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

ভূমিকা

সূনান আদ দারিমিতে আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত আছে,

> "যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয় এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন..." [সূরা নাসরঃ ১- ২]

যখন এই আয়াতগুলো নাযিল হয় তখন রাসূলুল্লাহ (সা.) বলেন, তারা (মুসলিমরা) দলে দলে ইসলাম পরিত্যাগ করবে যেমনিভাবে তারা দলে দলে ইসলামে প্রবেশ করেছিল।"

গণতান্ত্রিক শাসনের অধীনে বসবাসরত মুসলিমদের মাঝে দীর্ঘদিন ধরে একটি বিষয়কে ঘিরে বিতর্ক চলছে, তা হল তারা গণতান্ত্রিক ব্যবস্থায় অংশগ্রহণ করতে পারবে কিনা? এই বিতর্কের জবাবে 'ভোট হল সবচেয়ে বড় জিহাদ' এই ধরণের মত যেমন অনেকে পোষণ করে, তেমনি এর বিপরীতে এমন মতও অনেকে ধারণ করে যে, যদি কেউ এমন ব্যক্তিকে ভোট দিল যে তাদের উপর কুফরী আইন বাস্তবায়ন করবে, তাহলে ভোট দেওয়ার সাথে সাথে ভোটদানকারী মুরতাদ হয়ে যাবে, নির্বাচিত ব্যাক্তি ক্ষমতালাভ করুক বা না করুক।

১৪০০ বছর পূর্বে ইসলামের আবির্ভাবের পর থেকে ইসলামী শরীয়াহই মুসলিমদের পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা হিসেবে প্রতিষ্ঠিত ছিল। মাত্র ৯০ বছর হল খিলাফাহ ধ্বংস হয়েছে; খিলাফাহ ধ্বংসের পর থেকে আমরা তা হারিয়েছি। আমরা যদি নিকট ইতিহাসের দিকে তাকাই তবে দেখতে পাবো কুফফাররাই বিভিন্ন সময়ে রাজতন্ত্র, সাম্যবাদ কিংবা সমাজতন্ত্র সহ ইত্যাদি দ্বারা শাসিত হয়েছে। এবং সময়ের আবর্তনে প্রতিটি মতবাদই ডিগবাজী খেয়ে প্রত্যাখ্যাত হয়েছে এবং সবশেষে এখন পুঁজিবাদ এসে সেই স্থান দখল করেছে। সেই থেকে পশ্চিমা দেশগুলোতে গণতন্ত্রই আসল রাজনৈতিক ব্যবস্থা, মুসলিম ভূমিগুলোতেও একটা পর্যায় পর্যন্ত গণতন্ত্রের চর্চা আজ হচ্ছে।

বিশ্বের স্বেচ্ছাচারী শাসকদের মুখে মুখে আজ 'গণতন্ত্র', 'স্বাধীনতা' কিংবা 'উদারনীতি'র স্লোগান । এই আদর্শগুলো ইনিয়ে- বিনিয়ে এই কথাই বলতে চায়, মানুষ তার শাসন কার্য পরিচালনার জন্য নিজেই আইন কানুন ও বিধিবিধান প্রণয়ন করবে, এবং এতে স্রষ্টার কিছুই বলার থাকবে না। কিন্তু মুসলিম হিসেবে সৃষ্টিকর্তা ও হুকুমদাতা মহান আল্লাহর আইন রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায়েও চালু থাকা এবং তা মেনে চলার সুবিশাল ঐতিহ্য - ইতিহাস আমাদের রয়েছে। তাই বর্তমান পরিস্থিতিতে যখন শরীয়াহর বাস্তবায়ন নেই, তখন আমাদের সামনে গণতন্ত্রকে গ্রহন করা, এই ব্যবস্থায় অংশ

নেওয়া ও অনুগামী হওয়া, এর অনুসরণ করা এবং গণতন্ত্রের প্রতি অনুগত হওয়ার মতো বিষয়গুলো যখন চলেই আসে, তখন আমাদের উপর ইসলামের হুকুম কি?

গণতন্ত্র কী?

এই ব্যাপারে কোন বিতর্কের কোন অবকাশ নেই যে, যেসব মুসলিমরা পশ্চিমা দেশে বসবাস করছে সেসব দেশকে ফিক্বহী বা ইসলামী আইনগত দৃষ্টিকোণ থেকে নির্দ্বিধায় দারুল কুফর বলা যায়, অর্থাৎ কুফরের ভূমি। কারণ সেসব দেশের আইন কানুনগুলো শরীয়াহ'র উপর ভিত্তি করে প্রণীত হয়নি, বরং কুফফারদের কামনা বাসনা কিংবা খেয়াল- খুশি হল এসব আইনের ভিত্তি, যা পার্লামেন্টের মধ্য দিয়ে প্রণীত হয়। রাজনৈতিক সংজ্ঞানুসারে, যে প্রক্রিয়ায় জনগণ নিজেদের জীবনযাপনের জন্য নিজেদের পছন্দ মতো আইন নির্ধারণ করতে পারে তাই গণতন্ত্র নামে পরিচিত। গণতন্ত্রের মানে হল 'জনগনের শাসন', এটি একটি গ্রীক শব্দ থেকে এসেছে। এই মতবাদের সবচেয়ে যুতসই অভিব্যাক্তি হল, "জনগণের দ্বারা, জনগণের জন্য শাসন, জনগণের শাসন" যা এই মতবাদের প্রস্তাবকদের মুখে শোনা যায়।

নির্বাচন পদ্ধতি

এই শাসন প্রক্রিয়ায়, জনগণ তাদের পছন্দ অনুযায়ী তাদের চোখে উপযুক্ত ব্যক্তিকে তাদের প্রতিনিধি হিসেবে চার বা পাঁচ বছরের জন্য মনোনীত করে থাকে, এই প্রক্রিয়াটিকে ভোটিং বলে। বিভিন্ন আসনে যারাই ভোটে এগিয়ে থাকবে তারাই সংসদে নিজেদের জন্য আসন পাবেন অর্থাৎ সংসদ সদস্য হিসেবে মনোনীত হবেন। যে দল বেশী সংখ্যক আসনে জয় লাভ করবে তারাই সরকার গঠন করবে। নতুন আইনগুলো সংসদেই উত্থাপিত হয়, সেখানে আলোচনা করা হয় এবং প্রণীত হবে। কোন আইন বাদ দেয়া কিংবা সংশোধনের ক্ষেত্রেও একই পদ্ধতি অনুসরণ করা হয়। কোন যুদ্ধে অংশগ্রহণ, ইউরোপীয় ইউনিয়েনে যোগদান সহ ইত্যাদি সিদ্ধান্তগুলো নির্ভর করে এই অধিকাংশ সংসদ সদস্যদের মতামতের ভিত্তিতে। এটা বলার অপেক্ষা রাখেনা যে, জনগণ যাদের শুরুতে সংসদ সদস্য হিসেবে নির্বাচন করেছে মূলত তারাই এই সিদ্ধান্তগুলোর ব্যাপারে দায়বদ্ধ।

নির্বাচন প্রক্রিয়া

এখন, যদি এই সংসদের অধিকাংশ সংসদ সদস্য মনে করে যে, মদের বৈধতা দেয়া উচিত (যেমনটা কুফফারদের দেশে রয়েছে) তবে এটাই আইন (কানুন) হিসেবে গৃহীত হবে। উপরন্তু, জনগন যদি মনে করে পতিতাবৃত্তি, জুয়া, শিশু যৌনতা (paedophilia), মুসলিম নিধন (যেমনটা আফগানিস্থান, ইরাকসহ বিভিন্ন মুসলিম দেশে সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে যা চলছে),

সমকামীতা, সমলিঙ্গের বিবাহ (homosexuality) ইত্যাদি তাদের জন্য উপকারী এবং হিতকর তবে ভোট প্রক্রিয়ার মধ্য দিয়ে এইসব আইনের মধ্য দিয়ে প্রতিষ্ঠা পাবে; এটাই হল জনগণের দ্বারা জনগণের শাসনের একটি রূপ।

উপরে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা সম্পর্কে আলোচনা করা হয়েছে, যদিও কিছুটা সাদামাটা কায়দায়, সত্যিকার ঈমানদার মুসলিমদের মনে এ প্রশ্নই মাথাচাড়া দেবে যে, এই বিষয়ে ইসলাম কী বলে। এ কথা বলার কারণ হল, দূর্ভাগ্যজনকভাবে আমরা এমন একটা সময়ে বসবাস করছি যেখানে লোকজন নিজেদের মুসলিম হিসেবে পরিচয় দেয় ঠিকই কিন্তু কোনো বিষয়ে আল্লাহ সুবহানাহু তা'আলা এবং তাঁর রাসূল (সা) এর বক্তব্য কী, সে বিষয়ে তার কোন মাথাব্যথা নেই; বরং পার্থিব জীবনে কিভাবে যত বেশী 'লাভবান' হওয়া যায় সে চিন্তায় সে মগ্ন।

মুসলিমের জীবনের উদ্দেশ্য

মুসলিম শব্দটির উৎপত্তি আরবী একটি শব্দ থেকে যার অর্থ 'আত্মসমর্পণ'। অর্থাৎ একজন মুসলিম হলেন তিনি, যিনি নিজেকে সম্পূর্ণভাবে সত্যিকারের রব মহান আল্লাহ সুবহানাহু তা'আলার নিকট সমর্পণ করে দিয়েছেন। আল্লাহ্ সুবহানাহু তা'আলা কুরআনে বলেছেন,

> আমার এবাদত করার জন্যই আমি মানব ও জিন জাতি সৃষ্টি করেছি। [সূরা যারিয়াত ৫১: ৫৬]

এই আয়াতে আল্লাহ সুবহানাহু তা'আলা তার সৃষ্টিকে শুধুমাত্র তাঁর ইবাদত করার নির্দেশ দিয়েছেন। আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে ইসলামকে মেনে চলার জন্যই রাসূলুল্লাহ (সা) শেষ ঐশী বাণী নিয়ে এসেছেন। পুরো মানব জাতির জন্যেই এই শাশ্বত জীবন বিধানটি নাযিল হয়েছে। কেউ যদি একটু গভীর ভাবে চিন্তা করে তবে সে অবশ্যই এই শাশ্বত বিধানের সাথে তুলনীয় কোন বিধানই খুঁজে পাবেনা। মূলত আল্লাহ সুবহানাহু তা'আলা তাঁর বিধানে কোন ফাকফোঁকর কিংবা খুত রাখেননি যে যার জন্য মানুষ অন্য কোন বিধান তালাশ করবে।

বস্তুত, যে মানুষ আল্লাহর আইন ছেড়ে দিয়ে অন্যকিছু তালাশ করছে, সে ক্ষতিতে নিমজ্জিত রয়েছে। আল্লাহ তাঁর বিধানে কঠোর, তাই আইন প্রণয়নে আল্লাহ তাঁর সাথে কোনকিছুকে শরীক করার অনুমতি দেননি। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

> নিশ্চয় যে ব্যক্তি আল্লাহর সাথে অংশীদার স্থির করে, আল্লাহ তার জন্যে জান্নাত হারাম করে দেন। এবং তার বাসস্থান হয় জাহান্নাম। অত্যাচারীদের কোন সাহায্যকারী নেই। [সূরা তাওবা ৯: ৭২]

আল্লাহ সুবহানাহু তা'আলা আরো বলেন,

> শুনে রেখ, তাঁরই কাজ সৃষ্টি করা এবং আদেশ দান করা। আল্লাহ, বরকতময় যিনি বিশ্বজগতের প্রতিপালক। [সূরা আ'রাফ ৭: ৫৪]

একজন মুসলিমের উদ্দেশ্য হল আল্লাহর সাথে সকল প্রকার শরীক করা (শিরক) থেকে মুক্ত থাকা এবং শুধুমাত্র তাঁরই ইবাদত করা। সেক্যুলার অর্থাৎ ধর্মনিরেপক্ষতাবাদীরা যারা ইসলাম থেকে রাজনীতি এবং আধ্যাত্মিক বিষয়গুলোকে আলাদা করে তারা এই তর্ক জুড়ে দেয় যে, আল্লাহ্ মুসলিমদের সৃষ্টি করেছেন, তো তারা নামায, যাকাত, হাজ্জ ও ইত্যাদির মাধ্যমে আল্লাহর ইবাদত করবে, মসজিদের বাইরে তো আর কিছু নেই। মূলত এই ধরণের মন্তব্য তারাই করতে পারে যারা ইসলাম কিংবা আরবী ভাষা সম্পর্কে পুরোপুরি অজ্ঞ কিংবা ইসলামের উপর তাদের আদৌ কোন বিশ্বাস নেই। যদি শেষেরটাই হয় তবে তাদের মুনাফেক্বী প্রমাণের জন্য এটাই যথেষ্ট; যদিও তারা মসজিদ ভিত্তিক রাজনীতি অস্বীকার করে তথাপি তাদের কুফর রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য মসজিদেরই মিম্বর ব্যবহার করে। তারা ইসলামকে শান্তির ধর্ম বলে দাবী করে তথাপি ইসলামিস্টদের উপর চড়াও হয় কেননা তারা ইসলামী রাজনীতির সত্যকে তুলে ধরে।

তারা দাবী করে মসজিদের বাইরে অর্থাৎ দেশ পরিচালনার বিষয়ে ইসলামের কোন দিকনির্দেশনা নেই তথাপি তারাই আল্লাহর হালালকৃত বিধানকে হারাম এবং হারামকৃত বিধানকে হালাল প্রমাণের জন্য কুরআন এবং সুন্নাহকে ভুলভাবে ব্যখ্যা করে। ইবাদাহ' শব্দের অনুবাদ করা হয় নিছক উপাসনা করা কিংবা ইবাদত করা, কিন্তু এটার অর্থ শুধু এতেই সীমাবদ্ধ নই, বরং অনুসরণ করা, মান্য করা, সমর্পণ করা এসব অর্থও ইবাদাহ এর অন্তর্ভুক্ত।

তাই সত্যিকারের মুসলিম হল তারা, যারা সর্বক্ষেত্রে আল্লাহর আইনকেই অনুসরণ করে হোক সেটা মসজিদের বাইরে কিংবা ভেতরে; অন্যথা আল্লাহর সাথে শিরক করা হবে। শিরক হল আল্লাহর নামের সাথে, তাঁর গুণাবলীর সাথে কিংবা তাঁর রুবুবিয়্যাহ (প্রভুত্ব) কিংবা উলুহিয়্যার (ইবাদাত) সাথে অংশীদারত্ব স্থাপন করা। এই মিথ্যা শরীকের চরিত্রে অবতীর্ণ হতে পারে কোন দেবতা, কোন বস্তু, কোন মানুষ, জনগণ বা (মানবরচিত) আইন। আল্লাহর কাছে শিরক হল সবচেয়ে বড় গুনাহ, এবং যেটা আল্লাহ ক্ষমা করবেন না বলে ঘোষণা করেছেন,

> নিঃসন্দেহে আল্লাহ তাকে ক্ষমা করেন না, যে লোক তাঁর সাথে শরীক করে। তিনি ক্ষমা করেন এর নিম্ন পর্যায়ের পাপ, যার জন্য তিনি ইচ্ছা করেন। আর যে লোক অংশীদার সাব্যস্ত করল আল্লাহর সাথে, সে যেন অপবাদ আরোপ করল। [সূরা নিসা ৪: ৪৮]

আল্লাহর সাথে শিরক করা মানেই প্রতিমা কিংবা মূর্তিকে পূজা করা নয়, বরং এটা যে কেউ কিংবা যে কোন কিছু হতে পারে যাকে। যাকে আল্লাহর পরিবর্তে আনুগত্য করা হয়, অনুসরণ করা হয়, মান্য করা হয় কিংবা যার কাছে নিজেকে সমর্পন করা হয়। উদাহরণস্বরূপ, মানুষঃ এমপি, পপ স্টার, সেলেব্রেটি, এথল্যাট ইত্যাদি। আইনপ্রণয়নঃ মানব রচিত আইন, মানব রচিত বিচার ব্যবস্থা। তত্ত্বঃ ডারউইনবাদ, বিবর্তন, বিগ ব্যাং ইত্যাদি, মানব রচিত মতবাদঃ পুঁজিবাদ, সাম্যবাদ, সমাজতন্ত্র ইত্যাদি।

ভোটিং প্রক্রিয়া

ভোটিং হল সেই পদ্ধতি যার মধ্য দিয়ে একদল মানুষ অধিকাংশের মতামতের ভিত্তিতে অনেকগুলো সিদ্ধান্ত থেকে একটা বেছে নেয়। এখানে যে ভোটিং সম্পর্কে আলোচনা করা হচ্ছে সেটা হল ব্যালট বাক্সের মাধ্যমে দেশ শাসনের জন্যে কোন রাজনৈতিক দলকে ক্ষমতায় বসানোর প্রক্রিয়া। একবার নির্বাচিত হবার পর তারা আইন এবং সংবিধানের উপর ভিত্তি করে তারা নিজেদের মতো অর্থাৎ মানুষ- কর্তৃক- রচিত আইন দ্বারা দেশ শাসন করবে, এই পদ্ধতিটিই গণতন্ত্র নামে পরিচিত। অপরদিকে আমরা বলেছি ইসলামে সার্বভৌম ক্ষমতার অধিকারী একমাত্র আল্লাহ সুবহানাহু তা'আলা, অর্থাৎ শাসন ও আইন বিষয়ে তাঁর বিধানই সর্বোচ্চ ও চূড়ান্ত। ইসলামের ইতিহাস জুড়ে আমরা দেখি শুধুমাত্র শরীয়াহ আইন দিয়েই ইসলামী খিলাফত তার জনগণকে শাসন করত এবং যারা এর বিরোধিতা করছে কিংবা বিদ্রোহ করেছে তাদেরকে সর্বোচ্চ শাস্তি হিসেবে মৃত্যুদণ্ডও দেওয়া হয়েছে।

কিভাবে এই ভোটিং প্রক্রিয়াই কাউকে নির্বাচন করা শিরক?

এই প্রশ্নের উত্তর দেয়া আগে শিরকের ব্যাপারে আলোচনা করে বলেছি, আল্লাহর নাম, গুণাবলী কিংবা তাঁর কার্যাবলির যেকোন কিছুর সাথে কাউকে শরীক করাই হল শিরক। আল্লাহ সুবহানাহু তা'আলা কুরআনে যেসব বিষয়ে হুকুম করেছেন সেসব বিষয়ে তিনি হক্বদার এবং একমাত্র তিনিই হক্বদার। উদাহরণস্বরূপ, আল্লাহ বলেছেন তিনি এই বিশ্বজগতের সৃষ্টিকর্তা। এখন কেউ যদি দাবী করে যে এই সৃষ্টিতে তাঁকে অন্য কেউ সাহায্য করেছে যেমনটা মরুর আরবরা করেছিল, অথবা যদি একের অধিক উপাস্য দাবী করে যেমনটা মুশরিকরা (পৌত্তলিক) করে থাকে তবে তারা শিরক করল।

শিরকের জন্য ভোট দেয়াও শিরক

আল্লাহ যা নাযিল করেছেন তা ব্যাতিরেকে আইন প্রনয়ণের বিষয়টি আল্লাহ সুবহানাহু তা'আলা শিরকের সাথে সম্পর্কযুক্ত করেছেন। একই সাথে আইন কানুন পাশ করার বিষয়টির দিকে দৃষ্টিপাত করা যাক,

> আল্লাহ ছাড়া কারও বিধান দেবার ক্ষমতা নেই। [সূরা ইউসুফ ১২: ৪০]

আল্লাহ তা'আলা আরো বলেন,

> তিনি কাউকে নিজ কর্তৃত্বে শরীক করেন না। [সূরা কাহাফ ১৮: ২৬]

তিনি অন্য আয়াতে বলেন,

> তাদের কি এমন শরীক দেবতা আছে, যারা তাদের জন্যে সে ধর্ম সিদ্ধ করেছে, যার অনুমতি আল্লাহ দেননি ? যদি চুড়ান্ত সিদ্ধান্ত না থাকত, তবে তাদের ব্যাপারে ফয়সালা হয়ে যেত। নিশ্চয় যালেমদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি। [সূরা শূরা ৪২: ২১]

উপরের আয়াতগুলো খুবই সোজাসাপ্টা এবং স্পষ্টভাবে ঘোষনা দেয় যে বিধান প্রদানের ক্ষমতা শুধুমাত্র আল্লাহ তা'আলার এবং আল্লাহর কর্তৃত্বের সাথে কাউকে শরীক করা আল্লাহ অনুমতি দেননি এবং কেউ করে থাকলে সে হবে মুশরিক।

কুফরের জন্য ভোট প্রদান করাও কুফর

আল্লাহ সুবহানাহু তা'আলা তাঁর নাযিলকৃত বিধানের বিপরীতে কুফফারদের বিধান, তাদের পন্থাকে অনুসরণের ব্যাপারে সতর্ক করেছেন,

> ... এরা পূর্ববর্তী কাফেরদের মত কথা বলে। আল্লাহ এদের ধ্বংস করুন, এরা কোন উল্টা পথে চলে যাচ্ছে। তারা তাদের পন্ডিত ও সংসার- বিরাগীদিগকে তাদের পালনকর্তারূপে গ্রহণ করেছে আল্লাহ ব্যতীত এবং মরিয়মের পুত্রকেও। অথচ তারা আদিষ্ট ছিল একমাত্র মাবুদের এবাদতের জন্য। তিনি ছাড়া কোন মাবুদ নেই, তারা তাঁর শরীক সাব্যস্ত করে, তার থেকে তিনি পবিত্র। [সূরা তাওবা ৯: ৩০- ৩১]

এই আয়াতটি নাযিল হয়েছিল নিচের প্রেক্ষাপটে -

> যখন আদি ইবনে হাতিম আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই আয়াত তিলাওয়াত করতে শুনলেন, "তারা তাদের পন্ডিত ও সংসার- বিরাগীদিগকে তাদের পালনকর্তারূপে গ্রহণ করেছে" [সূরা তওবা ৯: ৩১]

এরপর, আদী বিন হাতিম (তিনি তখনো মুসলিম হননি) জিজ্ঞেস করলেন: হে নবী(সঃ)! তারা তো পন্ডিত ও দরবেশগণের ইবাদত করে না, তাহলে তাদেরকে কিভাবে রব গ্রহণ করা হলো? মুহাম্মাদ (সঃ) বললেন: 'তাদের পন্ডিত ও দরবেশগণ আল্লাহ যা হালাল করেছেন তা হারাম এবং যা হারাম করেছেন তা হালাল করার মাধ্যমে কি আল্লাহর আইন পরিবর্তন করে না? আদী বিন হতিম উত্তর দিলেন; জি করে। তখন মুহাম্মাদ (সঃ) বললেন; এটাই হলো তাদের ইবাদত করা'। (মুসনাদে আহমাদ,তিরমিযি একে হাসান বলেছেন)।

যদিও আমরা জানি যে ইহুদী এবং খৃস্টানরা তাদের পুরোহিতদের সিজদাহ করেনা কিংবা উপাসনা করেনা; কিন্তু আল্লাহর বিধানের বিপরীতে তাদের পুরোহিতরা যে বিধান চালু করেছে, অর্থাৎ আল্লাহ যেটিকে হালাল করেছে সেটিকে তারা হারাম করেছে এবং অনুসারীরাও সেটি মেনে নিয়েছে এবং আল্লাহ যেটিকে হারাম করেছেন, তাদের পুরোহিতরা সেটিকে হালাল করেছে এবং তাদের অনুসারীরা তা মেনে নিয়েছে – এটিকেই আল্লাহর রাসূল পুরোহিতদের ইবাদাত হিসেবে অভিহিত করেছেন। আইনপ্রণয়নের ক্ষেত্রে আনুগত্য (তা'আহ) হল ইবাদত; এবং এটা শুধুমাত্র আল্লাহ সুবহানাহু তাআলার জন্য নির্দিষ্ট। গণতন্ত্রে আল্লাহর এই গুণাবলীকে অস্বীকার করা হয় এবং সে স্থলে জনগণের ইচ্ছার আনুগত্য করতে হয়। এভাবেই আল্লাহ সুবহানাহু তা'আলার পাশাপাশি জনগণকে রবের আসনে বসানো হয়।

কুফর এবং শিরকের জন্য ভোট প্রদান হল রিদ্দাহ

জেনেশুনে আল্লাহর আইন রেখে মানব রচিত বিধান মেনে চলা হলো রিদ্দাহ (ইসলাম থেকে খারিজ হয়ে যাওয়া)। আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

> "যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না; নিঃসন্দেহে তা গুনাহ। নিশ্চয়ই শয়তানেরা তাদের বন্ধুদেরকে প্ররোচিত করে যেন তারা তোমাদের সাথে তর্ক করে। যদি তোমরা তাদের আনুগত্য করো, তোমরাও মুশরিক হয়ে যাবে।" [সূরা আন'আম ৬: ১২১]

এই আয়াতের প্রেক্ষাপট জানার জন্য আল-হাকিমে বর্ণিত একটি হাদীস দেখা যাক। ইবনে আব্বাস (রা) থেকে বর্ণিত আছে যে, যখন এক দল মুশরিক মুসলিমদের সাথে আইন-প্রণয়ন নিয়ে তর্ক-

বিতর্ক করছিল, সে সময় মুসলিমদের সম্বোধন করে এই আয়াতটি নাযিল হয়। মুশরিকরা বলছিলঃ "যে ভেড়ার উপর আল্লাহর নাম নেওয়া হয় নি, তাকে তোমরা বলো 'মৃত', কিন্তু এই মৃত ভেড়ার মৃত্যু ঘটিয়েছে কে?" মুসলিমরা বলল, "আল্লাহ"। তারা প্রতিউত্তরে বলল, "যাকে আল্লাহ তার সোনার ছুরি দিয়ে হত্যা/জবাই করেছেন, তাকে তোমরা হারাম মনে করছ আর তোমরা লোহার ছুরি দিয়ে জবাই করে সেটাকে হালাল মনে করছ??" এরই প্রেক্ষিতে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা এ আয়াত নাযিল করেন।

উপরোক্ত আয়াত ও আয়াত নাযিলের পটভূমি থেকে এ কথা পরিষ্কার যে, কোন হারাম কাজ করা এবং আল্লাহর আইনের বিপরীতে কুফফাদের প্রণীত আইন অনুসরণ করার মধ্যে সুস্পষ্ট পার্থক্য রয়েছে। কোন অবৈধ কাজে লিপ্ত হওয়ার অর্থ হল 'ইসম' বা গুনাহ করা, যার জন্যে কিয়ামতে জবাবদিহি করতে হবে। অপরদিকে, আল্লাহ তা'আলা একটি সুনির্দিষ্ট বিষয়কে হারাম বলেছেন, সেখানে কেউ যদি আল্লাহর হুকুমের তোয়াক্কা না করে সেটাকে হালাল বা অনুমোদিত বলে; তাহলে আল্লাহর সাথে শিরক করা হয়, আর যে এমনটি করে, সে মুশরিক হয়ে যায়।

ব্যর্থ নির্বাচন ব্যবস্থা

মুসলিমরা গণতান্ত্রিক পদ্ধতিতে শাসক নির্বাচন করে ক্ষমতায় যেয়ে শরীয়াহ কায়েম করা বহু চেষ্টা চালিয়েছে। এখানে তাদের উদ্দেশ্য মহৎ হলেও, ক্ষমতা ও কর্তৃত্ব অর্জনে রাসূলুল্লাহ (সা) এর সুন্নাহ অনুসরণে তারা মারাত্মকভাবে ব্যর্থ হয়েছে।

মালয়শিয়াতে নির্বাচনের মধ্য দিয়ে ইসলামী দল ক্ষমতায় আসার পর, সেই নেতাকে সমকামী ঘোষনা দিয়ে জেলে পাঠানো হয়, ফলে ক্ষমতা ফিরে যায় সেই সেক্যুলারদের হাতেই। তারা ইসলাম নয়, গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠা করে। আলজেরিয়াতেও একবার ইসলামী দল ক্ষমতায় আসে। কিন্তু এরপর সামরিক বাহিনী ক্যু করে ক্ষমতা ছিনিয়ে নেয়। শরীয়াহর উত্থানকে দমিয়ে তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করে।

এ দুটো উদাহরণ থেকেই গণতন্ত্রের হাত ধরে শরীয়াহ কায়েমের অসারতা প্রমাণ হয়, সাম্প্রতিক সময়ের মিশরে ব্রাদারহুড সরকারের উৎখাত আরেকটি জ্বলন্ত প্রমাণ। আজকে অনেক নিষ্ঠাবান মুসলিম যেমন ইসলামী শরীয়াহ কায়েম করার জন্য কঠিন পরিশ্রম করে চলেছে, কুফফার এবং মুনাফিক্বরাও শরীয়াহর বাস্তবায়ন রুখে দিতে জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

রাসূলুল্লাহ (সা) এর জীবন থেকে দেখা যায় যে, আল্লাহর রাসূল (সা) দাওয়াহ ছিল এমন অপ্রতিরোধ যে তাঁকে থামাতে কুফফাররা নানা ধরনের কূট কৌশল অবলম্বন করতে থাকে। এমনকি

তারা নবীজিকে দারুন নাদওয়ার (সেসময়ের সংসদ ভবন) নেতৃত্বের প্রস্তাব পর্যন্ত দেয়! তারা এও প্রস্তাব করে যে পালাক্রমে এক বছর তারা ইসলামী অনুশাসন মেনে চলবে, আর মুসলিমদেরকে পরের এক বছর তাদের মানব রচিত আইনকানুন মেনে জীবনযাপন করতে হবে। তখন আল্লাহ তা'আলা নিচের সূরাটি নাযিল করলেন,

"বলুন, হে কাফেরকূল, আমি ইবাদত করিনা তোমরা যার ইবাদত কর। এবং তোমরাও ইবাদতকারী নও, আমি যার ইবাদত করি। এবং আমি ইবাদতকারী নই, যার ইবাদত তোমরা করো। তোমরা ইবাদতকারী নও, আমি যার ইবাদত করি। তোমাদের কর্ম ও কর্মফল তোমাদের জন্যে এবং আমার কর্ম ও কর্মফল আমার জন্যে।" [সূরা কাফিরুন]

রাসূলুল্লাহ (সা) তাদের প্রস্তাব মেনে না নেওয়ায় মুশরিকরা তাদের হীন উদ্দেশ্য সাধনে ব্যর্থ হয়। ইসলামের প্রচার প্রসারকে রোধ করার উদ্দেশ্যে পরবর্তীতে আল্লাহর রাসূল (সা) কে হত্যার প্রচেষ্টা চালায়। কিন্তু আল্লাহর রাসূল (সা) কক্ষনো কুফফারদের খুশী করতে যেয়ে নিজের দ্বীনকে বিসর্জন দেননি, তিনি (সা) তার দাওয়াহর কাজে কোনরূপ সমঝোতা করেন নি। রাসূলুল্লাহ (সা) এর দাওয়াহর ফলস্বরূপ সাহাবাদেরকে কী পরিমাণ অত্যাচার ও নির্যাতনের মুখোমুখি হতে হয়েছে, এমনকি কাউকে কাউকে নিজেদের প্রাণ বিসর্জন দিতে হয়েছে। তবুও আমরা একটিবার ও শুনিনি যে সাহাবারা (রা) নবীজি (সা) এর কাছে অনুযোগ করছে।

বরঞ্চ তারা নিজেদের সুযোগ-সুবিধা, লাভ ও দুনিয়াবি স্বার্থের দিকে না তাকিয়ে তারা অসহনীয় কষ্ট সহ্য করে গেছেন। এমনকি অনেক দুর্বল মুসলিম আবিসিনিয়াতে হিজরত করেছে যে তারা সেখানে যেয়ে দ্বীন পালন করতে পারে। দুর্ভাগ্যজনক হলেও সত্যি, আজ যেসব মুসলিম নিজেদেরকে নবীজি (সা) এর সুন্নাহর অনুসারী বলে দাবি করে, তারা এমন একটিও উদাহরণ আনতে পারবে না, যখন নবীজি (সা) বা তাঁর সাহাবা (রা) নিজেদের স্বার্থ রক্ষার জন্যে দ্বীনের বিষয়ে সমঝোতা করেছেন, কিংবা কোন শিরক বা হারামে লিপ্ত হয়েছেন। যারা দ্বীনকে বিকৃত করছে এবং দ্বীনের ব্যাপারে মিথ্যা বলছে তাদের ব্যাপারে আল্লাহ তা'আলাই যথেষ্ট।

এসব পথভ্রষ্টদের খোঁড়া যুক্তি

যদিও এ ব্যাপারে তর্কের কোন অবকাশ নেই যে শরীয়াহ কায়েম করার জন্য দ্বীনের সাথে সমঝতা করা যাবে না, তবুও যারা আল্লাহর রায়ে সন্তুষ্ট নয়, তারা কিছু অন্তঃসারশূন্য কথাবার্তা বলে থাকে। এরা বলে থাকে বাস্তবতার নিরিখে কিছু কল্যাণের উদ্দেশ্যে মুসলিমরা নির্বাচনে অংশ নিলে কোন সমস্যা নেই। তারা তাদের এই দাবীর পক্ষে ধর্মীয় এবং যৌক্তিত প্রমাণ পেশ করে। নিচে সংক্ষেপে প্রথমে আমরা তাদের দাবিগুলো নিয়ে আলোচনা করবোঃ

প্রথম দাবীঃ যুদ্ধ-বিগ্রহ এড়ানোর মত ইস্যুগুলোতে সহযোগিতার জন্য আমাদের লোকবল দরকার [বিশেষ করে পশ্চিমা/ইউরোপীয় দেশগুলোতে]

যদিও এ দাবিটি আপাতদৃষ্টিতে যুক্তিসঙ্গত বলে প্রতীয়মান হয় এবং মুসলিমরা প্রায়ই এর দ্বারা বিভ্রান্ত হয়ে থাকে, কিন্তু বাস্তবে তা অসঙ্গত। কেউ রাজনৈতিক ক্ষেত্রে প্রভাব খাটাতে চাইলে, উদাহরণস্বরূপ, ব্রিটিশ পার্লামেন্টে তাদের আইন ও প্রস্তাবনার বিরুদ্ধে ভোট দিতে হলে হাউস অব কমনে মুসলিম ও সমমনাদের পরিষ্কার সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন; এবং হাউস অব লর্ডসে একটা তারচেয়ে কিছুটা কম হলেও চলে। ইরাক যুদ্ধের সময় ব্রিটিশ পার্লামেন্টে যুদ্ধের পক্ষে ভোট পড়েছিল ৩৯৬ টি, যা বিপক্ষের ২১৭ টি ভোটের চেয়ে ১৭৯ টি বেশি। সত্যি বলতে গেলে, ব্রিটেনে মাত্র ১৬ লক্ষ মুসলিম থাকায় এবং কোন পরিষদেই মুসলিমদের পরিষ্কার সংখ্যাগরিষ্ঠতা না থাকায় তারা কখনোই পার্লামেন্টের সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় প্রভাব রাখতে পারবে না।

দ্বিতীয় দাবীঃ আমরা ভোট না দিলে বর্ণবাদীরা ক্ষমতা দখল করবে [বিশেষ করে পশ্চিমা/ইউরোপ দেশগুলোতে]

দুর্ভাগ্যজনকভাবে, MCB, MPAC, YM এবং বিভ্রান্ত ধর্মপ্রচারকেরা এখনো জনগণকে ভয় দেখানোর কৌশল হিসেবে এ যুক্তিটিকে ব্যবহার করে থাকে। আজ পর্যন্ত কোন রাজনৈতিক বক্তাই কোন ওয়ার্ড বা পরিষদে বর্ণবাদী BNP (ব্রিটিশ ন্যাশনাল পার্টির) এর সুদূরপ্রসারী বিজয়ের পক্ষে বলেন নি। যদি তারা ক্ষমতায় এসেও যায়, এর চাইতে বেশি ক্ষতি আর কীই বা করতে পারত? BNP এর সাহায্য ছাড়াই ব্রিটেনে সমকামিতার বৈধতা সর্বজনগৃহীত হয়েছে আর মতপ্রকাশের অধিকারের বয়স ১৮ থেকে নামিয়ে ১৬ করা হয়েছে। জুয়া বৈধতা পেয়েছে, তাদের পররাষ্ট্রনীতির কারণে ইরাক আর আফগানিস্তানে লক্ষ লক্ষ মুসলিম প্রাণ হারিয়েছে। শতশত মুসলিমকে কোন অভিযোগ ছাড়াই গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছে। যৌনপল্লী আর পতিতালয়গুলো দিনদিন বৈধ বলে স্বীকৃতি পাচ্ছে। স্কুলগুলোতে শেখানো হচ্ছে নাস্তিক্যবাদ, বিবর্তনবাদ আর আন্তধর্ম মতবাদ। ইসলামকে ধর্ম হিসেবে এখনো আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেওয়া হয়নি। ফলে মুসলিমরা যেকোনভাবে বৈষম্যের

শিকার হচ্ছেন, যেহেতু তাঁদের ধর্মের কার্যকর স্বীকৃতি আজ অবধি মেলেনি। আর এসবই ঘটেছে কনসারভেটিভ, লিবারেল ডেমোক্র্যাট আর লেবার পার্টির ঐকমত্যের ভিত্তিতেই। তাহলে বলুন, একজন সুস্থ মস্তিষ্কের মুসলিম কীভাবে ওই তুচ্ছ যুক্তির প্রেক্ষিতে এ দলগুলোর কোনটিকে সমর্থন জানাতে পারে, তাদের ভোট দিতে পারে?

এসব বাদ দিলেও, ব্রিটিশ ন্যাশনাল পার্টির (BNP) মূলে রয়েছে এমন জনগোষ্ঠী, অভিবাসনের দরুন যারা তাদের নিজস্ব পরিচয়, সংস্কৃতি ইত্যাদি থেকে দূরে সরে গেছে। এখন মোট জনসংখ্যার মাত্র ৩% মুসলিমরা দৈনন্দিন জীবনে আর মিডিয়ায় যতই তাদের কণ্ঠ জোরালো করবে, ততই ব্রিটেনের আদিবাসীরা নিজেদের ব্রিটিশ জীবনযাত্রার সাথে সাংঘর্ষিকতার কারণে তাদের প্রতি অনাসক্তি পকাশ করবে। ফলে তারা BNP এর দিকে ঝুঁকে পড়বে। ব্রিটিশবাসীরা মন্ত্রীপর্যায়ে যতবেশি হিজাব পরিহিতা আর দাড়িওয়ালা দেখতে পাবে, ততই তারা ক্ষুব্ধ হয়ে উঠবে আর BNP ততবেশি সমর্থন পেতে থাকবে। কাজেই "সাদ্দামপ্রিয় কাউকে ভোটপ্রদানের মাধ্যমে BNP এর ক্ষমতায় আসা ঠেকিয়ে রাখা যাবে"- এরকম যুক্তি সম্পূর্ণ অসার ও অগ্রহণযোগ্য। এটা জনগণকে জুজুর ভয় দেখানোর জন্য সেক্যুলারদের মিথ্যাচারের আরেকটি দৃষ্টান্তমাত্র।

তৃতীয় দাবীঃ যেহেতু আমরা "তাদের ভূমি"তে বাস করছি, কাজেই তাদের সাথে নির্বাচনে অংশগ্রহণ আবশ্যক [বিশেষ করে পশ্চিমা/ইউরোপ দেশগুলোতে]

এটা হল সবচেয়ে বিভ্রান্তি ও মূর্খতাপূর্ণ যুক্তিগুলোর একটি, যা কিনা কতিপয় "আলিম"দ্বারা স্বীকৃত !! কেউ একজন কোন নির্দিষ্ট ভূমিতে বাস করছে বলেই কি তার চারপাশের লোকদের শরীয়াহ-বিরোধী কাজে লিপ্ত হতে পারবে? এই বিভ্রান্তিকর যুক্তি অনুযায়ী তো তাহলে অঞ্চল বিশেষের মুসলিমরা সমকামী হতে পারে, মদপান করতে পারে, জুয়া খেলতে পারে, তাদের সন্তানদের বয়ফ্রেন্ড-গার্লফ্রেন্ড রাখার অনুমতি দিতে পারে !! কেননা চারপাশের লোকেরা তো এসব করেই থাকে !! আমি ঐসকল 'আলিম ও মুফতীর কাছে জানতে চাই, তারা যদি লূত (আ) এর যুগে থাকতেন, তাহলেও কী একই কথা বলতেন!!

কুফরি নির্বাচন পদ্ধতির প্রতি মুসলিমদের আহবানের জবাব হওয়া উচিত সেইরূপ, যেমনটা কুরাইশ কাফিরদের দিতে রাসূল (সা) কে আল্লাহ্ আদেশ করেছিলেন। যখন কুরাইশরা মুহাম্মাদ (সা) কে তাদের সিস্টেমে যোগ দিতে আহ্বান করল, তিনি বললেনঃ

> বলুন, হে কাফিরকুল ! আমি উপাসনা করিনা, যার উপাসনা তোমরা কর। আর তোমরাও তাঁর উপাসক নও, যার উপাসনা আমি করি। এবং আমি উপাসক নই, যার উপাসনা তোমরা কর। এবং তোমরাও উপাসক নও

তাঁর, যার উপাসনা আমি করি। তোমাদের কর্ম ও কর্মফল তোমাদের জন্য এবং আমার কর্ম ও কর্মফল আমার জন্য। [সূরা কাফিরূন]

চতুর্থ দাবীঃ যে সমাজে আমরা বাস করি, সেই সমাজকে কিছু দেওয়া প্রয়োজন

এ যুক্তিটি সম্প্রতি আবির্ভূত হয়েছে। তা হল এই যে, পাশ্চাত্যে যেসব মুসলিম বাস করে, সেখানে সুনাগরিক ভাবমূর্তি ধরে রাখতে সমাজকে কিছু দেওয়া তাদের কর্তব্য হয়ে পড়ে। তাদের দৃষ্টিভঙ্গী এমন যে, সেদেশের কুফর সরকার মুসলিমদের দয়াপরবশ হয়ে থাকার সুযোগ করে দিচ্ছে, কাজেই এমন উদারতার জন্য মুসলিম নাগরিকদের উচিত সরকারের প্রতি কৃতজ্ঞ থাকা। যদিও এটা আসলে প্রাচীন এশিয়ান অভিবাসীদের দাসসুলভ মানসিকতার বহিঃপ্রকাশ, কিন্তু বর্তমানে পশ্চিমা বিশ্বের তরুণ প্রজন্মের মুসলিমদের মধ্যেও এধরনের চিন্তাধারা ছড়িয়ে দেওয়া হচ্ছে। আমরা এটা বলছি না যে একজন মুসলিমের জন্য তাঁর চারপাশের পরিবেশের প্রতি কোনরূপ অবদান রাখা হারাম। একজন মুসলিম সর্বপ্রথম তার চারপাশের মুসলিমদের সাহায্য করেন। আল্লাহ্ বলেনঃ

“নিশ্চয়ই বিশ্বাসী মুসলিমেরা ভাইস্বরূপ” [সূরা আম্বিয়া-৯২]

আর মুসলিমদের মধ্যে যারা কাফিরদের সন্তুষ্ট করতে কাজ করে, তাদের জেনে রাখা দরকার যে তাদের এই কাজের কোন গ্রহণযোগ্যতা আল্লাহর চোখে নেই। আর কোন কোন ক্ষেত্রে এ কাজ তাদেরকে ইসলাম থেকে খারিজ করে দিতে পারে। যেমন পুলিশ বা আর্মিতে চাকরি নেওয়া, কিংবা সংসদ সদস্য হওয়া।

পঞ্চম দাবীঃ যেহেতু সংখ্যায় আমরা কোন পরিবর্তন ঘটানোর মত যথেষ্ট নই, সেহেতু আমাদের এখানকার প্রচলিত আইন- কানুনই মেনে চলতে হবে।

এ যুক্তিটি পরাজিত মানসিকতারই লক্ষণ, ইসলামে যার কোন ভিত্তি নেই। সর্বপ্রথম আমাদের মনে রাখতে হবে, পাশ্চাত্যে প্রতিষ্ঠিত আইনগুলোর বেশিরভাগই কুফরের উপর প্রতিষ্ঠিত। কাজেই মূল প্রশ্নটা হল কাফিরদের ভূমিতে তাদের কুফরি আইন মেনে চলা যাবে কিনা। আর আল্লাহ্ মুসলিমদের বিশেষভাবে আদেশ করেছেন যেন তারা কাফির- মুশরিকদের কথা মেনে না চলে। আল্লাহ্ বলেনঃ

“হে নবী ! আল্লাহকে ভয় করুন এবং কাফের ও কপট বিশ্বাসীদের কথা মানবেন না। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়”। [সূরা আহযাব- ১]

আর আমরা ইতোমধ্যে দেখিয়েছি আল্লাহ্‌র আইনের সাথে সাংঘর্ষিক কোন আইনপ্রণেতার আইন কীভাবে একজন মানুষকে ইসলাম থেকে বিচ্যুত করে ফেলে। আল্লাহ্‌ বলছেনঃ

"যদি তোমরা তাদের (মুশরিকদের) আনুগত্য কর, তোমরাও মুশরিক হয়ে যাবে"। [সূরা আন- আমঃ ১২১]

বর্তমান বাস্তবতার সাথে এ আয়াতকে মিলিয়ে দেখতে গেলে আমরা বলতে পারি ফ্রান্সের কথা, যেখানে স্কুল এবং পাবলিক প্লেসে হিজাব নিষিদ্ধ হয়েছে। অর্থাৎ যেসব নারী তাদের আইন মেনে নিয়ে হিজাব পরিত্যাগ করল, তারা কাফির আইন প্রণেতাদের আইনকে আল্লাহ্‌র আইনের উপর প্রাধান্য দিল। আর এভাবে তারা যেন কাফির- মুশরিকদেরই অন্তর্ভুক্ত হয়ে গেল। ব্যাপারটি কত ভয়ানক, ভাবা যায়!! তাদের উচিত ছিল আল্লাহ্‌র বিধানকে মেনে চলা অথবা সেখান থেকে এমন কোথাও চলে যাওয়া যেখানে তারা আল্লাহ্‌র আদেশ পালনে অপেক্ষাকৃত কম বাধার সম্মুখীন হবে। আল্লাহ্‌ এটাও বলে দিয়েছেন যে কেউ যদি কাফিরদের অনুসরণ করে আর তাদের মেনে চলে, তবে সেও কাফিরদের অন্তর্ভুক্ত হয়ে যাবে। আল্লাহ্‌ বলেনঃ

"হে ঈমানদারগণ! তোমরা যদি আহলে কিতাবদের কোন ফেরকার কথা মান, তাহলে ঈমান আনার পর তারা তোমাদিগকে কাফেরে পরিণত করে দেবে"। [সূরা আল- ইমরানঃ ১০০]

ষষ্ঠ দাবীঃ ইসলামে রাজনীতি নেই/রাজনীতির মধ্যে ধর্মকে টেনে আনা দূষণীয়।

এটা ধর্মনিরপেক্ষতার দাবীদারদের একটি অতি প্রচলিত বক্তব্য। এরা সবসময় দাবি করে থাকে, ধর্ম আর রাজনীতি দুটি পৃথক জিনিস এবং মসজিদের বাইরে মানুষের প্রাত্যহিক জীবনযাত্রায় ইসলামের কোন ভূমিকা থাকতে পারে না। বৃটেনের 'মুসলিম পার্লামেন্ট', আরো নির্দিষ্টভাবে বললে তাদের পথভ্রষ্ট ধিকৃত নেতা গিয়াসউদ্দিন সিদ্দিক পর্যন্ত এমন বক্তব্য দিয়েছিল। এরা হল ইসলাম সম্পর্কে অজ্ঞ ও নিজেদের 'মুসলিম' পরিচয় নিয়ে হীনমন্যতায় ভোগা লোক, যারা যুগের সাথে তাল মেলাতে গিয়ে স্রষ্টাপ্রদত্ত বিধানকে নিজেদের পছন্দমত পরিবর্তন করে থাকে। এরা বলে থাকে, যারা শরীয়াহ মেনে চলতে চায় এবং বাস্তব জীবনে শরীয়াহকে বাস্তবায়ন করতে চায় তারা যেন মধ্যযুগের অন্ধকার সময়ে ফিরে যাওয়ার মত পশ্চাৎপদতার দিকে যেতে চাচ্ছে। এদের এসব বক্তব্য আর দৃষ্টিভঙ্গি তাদের ইসলামচ্যুত করে ফেলার জন্য যথেষ্ঠ, কেননা তারা কুরআন-সুন্নাহকে পুরোপুরি বিশ্বাস করতে পারে না, মেনে নিতে পারে না। এরা তো ঐসকল লোকেদের মত, যারা কুরআনের কিছু অংশ বিশ্বাস করে আর বাকি অংশ ছুড়ে ফেলে দিতে চায়। এদের সম্পর্কে আল্লাহ্‌ বলেনঃ

"তবে কি তোমরা কিতাবের কিছু অংশ বিশ্বাস কর এবং কিছু অংশ অবিশ্বাস কর? যারা এরূপ করে পার্থিব জীবনে দূগর্তি ছাড়া তাদের আর কোনই পথ নেই। কিয়ামতের দিন তাদের কঠোরতম শাস্তির দিকে পৌঁছে দেয়া হবে। আল্লাহ তোমাদের কাজ-কর্ম সম্পর্কে বে-খবর নন"। [সূরা বাক্বারাঃ ৮৫]

এসব লোকেরা বোঝে না যে আল্লাহ্ কুরআন নাযিল করেছেন সমগ্র মানবজাতির জন্য, যাতে সারা বিশ্বের মানুষ তাঁর আইনের আশ্রয়ে একত্রিত হয়। তারা ইসলাম বিস্তারের জন্য কাজ করলে সেটাই তাদের জন্য মঙ্গলজনক হতো। আল্লাহ্ বলেনঃ

"অতএব, বিশ্বজগতের পালনকর্তা, ভূ-মন্ডলের পালনকর্তা ও নভোমন্ডলের পালনকর্তা আল্লাহরই প্রশংসা"। [সূরা আল জাসিয়াঃ ৩৬]

আল্লাহ্ আসমান ও জমিন এবং এ দুয়ের মাঝে যা কিছু আছে তার সবকিছুর মালিক। সবকিছুর প্রভু। তিনিই একমাত্র উপাস্য এবং জীবনের প্রতিটি ক্ষেত্রে কেবল তাঁকেই মেনে চলতে হবে। আল্লাহ্ ব্যতীত অন্য কারো আইন মেনে চলা শিরকের নামান্তর। আর আল্লাহ্ শিরকের গুনাহ মাফ করেন না। আজ গোটা বিশ্ব কাফির আর মুরতাদ নেতাদের দ্বারা পরিচালিত হচ্ছে, যারা কুফর ও শিরকে নিমজ্জিত এবং এসবের অনুমোদনও দিয়ে থাকে। এরা সর্বশক্তিমান ও মহাপ্রভু আল্লাহ্র আইনের চেয়ে নিজেদের বানানো আইনকে উত্তম বলে দাবি করে থাকে।

ভোট প্রদানের পক্ষে তাদের ইসলামিক যুক্তি অর্থ্যাৎ যে যুক্তিগুলো তারা ইসলামসম্মত বলে দাবি করে থাকে

আমরা এতক্ষণ কিছু যুক্তি নিয়ে আলোচনা করেছি, যা ইসলাম ও বাস্তবতা উভয় সম্পর্কে অজ্ঞ ও বিভ্রান্ত কিছু 'মুসলিম' আলেমগণ দিয়ে থাকেন। ইসলামিক যুক্তিগুলো নিয়ে আলোচনার পূর্বে এগুলো আলোচনার কারণ হল, স্কলাররা ভোটপ্রদানের পক্ষে যেসব ফাতওয়া দিয়েছেন তার অধিকাংশই ইসলামের দলিল- প্রমাণ বাদ দিয়ে উপরের যুক্তিগুলোর আলোকেই তৈরি করা হয়েছে। এর মাধ্যমে অজ্ঞ মুসলিমদের বিভ্রান্ত করে তাদের যুক্তির স্বপক্ষে সমর্থন আদায়ের চেষ্টা করা হয়েছে।

যা হোক, আমরা এখন সংক্ষেপে তাদের ধর্মতাত্ত্বিক যুক্তিগুলো তুলে ধরতে যাচ্ছি। কুফর সিস্টেমে ভোটপ্রদান শরীয়াহ সম্মত কি না, এই আলোচনার মাধ্যমে সে ব্যাপারে আমরা সংশয় নিরসনের চেষ্টা করব।

প্রথম যুক্তিঃ "দুই প্রকারের খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপটি গ্রহণ করা"

এসকল আলিমরা তাদের দাবীর পেছনে যে প্রধান যুক্তিটি দাড় করায় তা হল, মুসলিমদের উপর কুফুরি (গণতন্ত্র) প্রয়োগ করতে গিয়ে দুই খারাপের মধ্যে তুলনামূলক কম খারাপ কাফিরকে ভোট দেয়া ইসলাম অনুমোদন করে। গণতান্ত্রিক নির্বাচনের সমর্থকরা এই নীতিকে দুইভাবে ব্যবহার করে থাকেঃ ১) যে প্রার্থীর আদর্শ অপেক্ষাকৃত কম ইসলাম বিরোধী তাঁকে ভোট দেয়ার মানে হল কম খারাপের পক্ষ নেয়া; ২) অন্য দিকে কাউকে যদি ভোট দেয়া না হয় তাহলে বেশী খারাপ প্রার্থীটি নির্বাচিত হতে পারে এই আশংকায় কম খারাপকে ভোট দেয়া।

কিন্তু এই বিষয়ে সত্য এই যে, এই সকল তথাকথিত আলিমরা শরিয়াহ'র একটি বৈধ নীতি যা "দুটি খারাপের মধ্যে তুলনামূলক কম খারাপটি গ্রহণ করা" নামে পরিচিত, তার অপব্যবহার করে। মুবাহ'র (অনুমোদিত) বিষয়গুলোতে যেখানে বিকল্প আছে সেখানে কেউ নিজের জন্য তুলনামূলক কম ক্ষতিকর বিষয়টি বেছে নিলে আপত্তি নেই।

যেটা অনুমোদিতঃ জীবন মরণ প্রশ্নে যে কারো জন্য এমন কিছু খাওয়া বা পান করা অনুমোদিত যা সাধারণভাবে হারাম। যেমন- মৃত প্রাণীর মাংস, মদ ইত্যাদি।

অনুমতির সীমাঃ এই অবস্থায় একজন মুসলিম প্রয়োজনীয় সেই পরিমান মাংস খেতে পারবে যাতে সে আরোগ্য লাভ করতে পারে। তার ব্যাপারে কি বলা যেতে পারে যার প্রয়োজন মিটানোর জন্য যথেষ্ট পরিমানে খাদ্য থাকার পরেও সে আগ বাড়িয়ে মৃত প্রাণীর মাংস কিংবা শুকর ভোজন

উপভোগ করা শুরু করে দেয় এবং অন্যদেরও আমন্ত্রণ করে তার সাথে ভোজে শরিক হতে? সেক্ষেত্রে সুস্পষ্টভাবে এটা বলা যাবে যে সে "দুই প্রকারের খারাপের মধ্যে অপেক্ষাকৃত কম খারাপটি গ্রহণ করা" নীতির অপব্যবহার করছে এবং একারণে সে গুনাহ করছে।

উপরন্তু এই অনুমোদিত বিধানটিই নতুন এই বাস্তবতার উপর প্রয়োগ করা যাক আর দেখা যাক এতে আদৌ উপকারী কিছু আছে কিনা -

নতুন ঘটনাঃ হয় ভোট নতুবা মৃত্যু? ভোট দেয়ার এবং শিরকে লিপ্ত হওয়ার ব্যাপারে ক্ষেত্রে এই নীতিমালাটি প্রয়োগের আদৌ কোন উপমা কিংবা কিয়াসের অবকাশ নেই। প্রথমত, মরুভূমিতে অসহায় পরিত্যক্ত অবস্থায় প্রাণ হারানোর ভয়ে হারাম মাংস খাওয়া যাবে; এটা একটি জীবন-মরনের ইস্যু এবং কোন উপায়ও নেই। এখন, যদি আমরা ভোট না দেই তবে কে আমাদের মেরে ফেলার হুমকি দিচ্ছে? তো এখানে কোথায় দুটি মন্দ বিষয় রয়েছে যেখানে একজনকে অপেক্ষাকৃত কম খারাপটি গ্রহণ করতে হচ্ছে? এখানে সুস্পষ্টভাবে দুটি পথ খোলা আছে একটি হল ভোট প্রদান করা যা কিনা হারাম, অন্যটি হল ভোট প্রদান থেকে বিরত থাকা যা হল ওয়াজিব।

ঈমানকে দূর্বল করে দেয়াঃ "তুলনামূলক কম খারাপ গ্রহণ" নীতির আলোকে যে এই সিদ্ধান্ত নিচ্ছে মূলত তা ঐ কম মন্দটি বেছে নেয়ার ফলাফলের উপর নির্ভর করছে। আসলে, যে সকল মুসলিমরা "তুলনামূলক কম খারাপ" বলে ১৯৯২ সালের যুক্তরাষ্ট্রের নির্বাচনে ক্লিনটনকে, ১৯১৭ সালে টনি ব্লেয়ারকে এবং ২০০০ সালে বুশ জুনিয়রকে ভোট দিয়েছিল, তারা ক্ষমতায় গিয়ে এমনভাবে আচরণ করল যা এই সরলমনা মুসলিমরা কল্পনাও করে নি। অধিকন্তু ভুলভাবে "তুলনামূলক কম খারাপ গ্রহণ" নীতিমালার প্রয়োগের ফলে মানব জীবনে সকল সমস্যার সমাধানে ইসলামের যে স্বয়ংসম্পূর্ণতা এবং ব্যাপকতা রয়েছে সে ব্যাপারে মুসলিমদের বিশ্বাস দুর্বল হয়ে পড়ে।

মিথ্যার প্রতিষ্ঠা লাভের সম্ভাবনাঃ যদিও গণতন্ত্রের উপর বিশ্বাস না রেখে মুসলিমরা প্রার্থীদের ভোট প্রদানের বিষয়টি ধারাবাহিক ভাবে চালিয়ে যায় তবে এভাবে যদি কুফরের সাথে সহাবস্থানে চলে আসে তবে একটা সময় পর মুসলিমরা ভাববে, আসলে মানুষের সকল সমস্যার সামাধান ইসলামে নেই। কারণ ক্রমাগত মিথ্যাকে আকড়ে থাকলে মানুষ এক সময় একে সত্য ভাবতে শুরু করে। এভাবে কুফরের সাথে ক্রমাগত সহাবস্থানের ফলে কিছু লোক এক সময় সম্পূর্ণ দ্বীনই ত্যাগ করে।

শয়তানী বিকল্পঃ যেসকল তথাকথিত মুসলিমরা যারা "তুলনামূলক কম খারাপ" নীতির গ্রহণ করে এই কুফরী নির্বাচনে ভোট প্রদান করে, তারা প্রায়শ "তুলনামূলক কম খারাপ" কে খারাপ হিসেবেই বিবেচনা করে না, বরং এটাকে তারা অনুমোদিত একটি বিকল্প হিসেবে গণ্য করে।

পশ্চিমা কুফরী সমাজে এই মানসিকতার ব্যপক চর্চার মাধ্যমে অনেক মুসলিম এতে বৈধতার গন্ধ খুঁজে পায়; সম্ভবত অনেক মুসলিম তো এই কাজকে প্রশংসনীয়ও মনে করে!

মন্দের গ্রহণযোগ্যতা ক্রমাগত বৃদ্ধি পাওয়াঃ এই গ্রহণযোগ্যতার একটি নিদর্শন হল, এই ধরণের মন্দ কাজগুলো বিনা সংকোচে এবং স্বাভাবিকভাবেই আলোচনা করা হয়! যদি প্রতারণা কিংবা চুরির দায়ে কারো বিরদ্ধে কোন মামলা করা হয়, তবে তা জনসম্মুখে আনা হয়না! অধিকন্তু, এই কুফর রাজনৈতিক দলসমূহ কিংবা মসজিদ কমিটির তথাকথিত মুসলিমদের এসব মন্দ কাজগুলোকে নির্দ্বিধায় স্বাভাবিক জ্ঞান করে থাকে, এমনকি কেউ এই ভুল গুলোকে তুলে ধরলে আশ্চর্য হয়ে যায়! একটু চিন্তা করলেই বোঝা যাবে যে, আজকের "কম মন্দ" বিষয়গুলো কদিন আগে ছিল "বড় মন্দ" এবং এভাবে চলতে থাকলে একটা সময় আমরা শেষ পর্যন্ত আমাদের ইসলামী চেতনাবোধকেই হারিয়ে বসব! একজন ভয়ে কম্পিত হয়ে যায় যে আজকের কম খারাপ আগামীকাল কি হবে! ভবিষ্যতের সম্ভাব্য তুলনামূলক মন্দ বিষয়গুলো চিন্তা করতে গেলে আপনি শিহরিত হবেন!

ভোটের ক্ষেত্রে এই প্রয়োগকে এভাবে দেখা যায়ঃ কোন এক ব্যক্তি একজন মুসলিম ভাইকে মদ খাওয়ার দাওয়াত দিল। সেখানে একটি মদে থাকবে ৫০% এলকোহল এবং অন্য একটি মদে ২৫% এলকোহল। সুতরাং সে দাওয়াত গ্রহণ করে ২৫% এলকোহলের মদটি পান করল।

মূলত, মুসলিম হিসেবে আমারা সত্যিই ভাগ্যবান যে আমাদের শরিয়াতকে স্বয়ংসম্পূর্ণ করা হয়েছে এবং আল্লাহ্ সুবহানাহু তা'আলা এর রক্ষনাবেক্ষনের অঙ্গীকার করেছেন। তাই আমাদের অন্য কোন জীবন ব্যবস্থা তালাশের প্রয়োজন নেই।

দ্বিতীয় যুক্তিঃ শরীয়াহ মতে ক্ষতি অবজ্ঞা করে সুবিধা গ্রহণ করা নীতির অনুসরণ

